

# UCB ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ

নিউ ইন্সটন শাখা, ৪, নিউ ইন্সটন রোড, ওয়াকফ ভবন, ঢাকা-১০০০।

## বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি

(অর্থস্বর্ণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক)

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, নিউ ইন্সটন শাখা, ঢাকা এর ঋণগ্রহীতা মেসার্স কেবি কেবি এন্টারপ্রাইজ, প্রোপ্রাইটর-জনাব ইমতেয়াজ আহমেদ বাবলা, ঠিকানা: ২৮, নিউ ইন্সটন রোড, ঢাকা কর্তৃক গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি আদালতের আদেশ ছাড়াই বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ০৬/০৫/২০১৪ ইং তারিখ পর্যন্ত খেলাপি ঋণ বাবদ ব্যাংকের পাওনা মোট ৫২,২৯,৬৯৮.১২ (বায়ান্ন লক্ষ উনত্রিশ হাজার ছয়শত আটানব্বই টাকা বার পয়সা) টাকা সহ অন্যান্য আনুষঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে তফসিলভুক্ত সম্পত্তি নিলামে বিক্রয়ের জন্য অগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখপূর্বক সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাইতেছে।

### বন্ধকী সম্পত্তির তফসিল

#### তফসিল-১

জেলা-ঢাকা, থানা ও সাব-রেজিস্ট্রির অফিস-ডেমরা, মৌজা-বালুদিতপুর, জে.এল. নং-সাবেক-৩০৯, হাল-১৩৪, খতিয়ান নং সি.এস.-৬৭, এস.এ.-৩৮, আর.এস.-৩৪৬, ডি.পি.-৩০১৬, দাগ নং-সি.এস. ও এস.এ.-৬০৮, আর.এস.-৫৯৭, ডি.পি. দাগ নং-৩০৪১, মোট জমির পরিমাণ-৩০ শতাংশ যাহার চৌহদ্দি: উত্তরে-আফার উদ্দিন, দক্ষিণে-মালুর বিক্রিত সম্পত্তি, পূর্বে-আনোয়ার হোসেন এবং পশ্চিমে-দেওয়ারিশ এর বিক্রিত সম্পত্তি।

#### তফসিল-২

জেলা-ফেনী, থানা ও সাব-রেজিস্ট্রির অফিস-দাগণভূইয়া, মৌজা-দক্ষিণ চাঁদপুর, জে.এল. নং-সাবেক ১৯১ হালে ৯৩, খতিয়ান নং-সি.এস.-৪, এস.এ.-২, বি.এস.-৬৮, দাগ নং-সি.এস. ও এস.এ.-১৩৯, বি.এস.-২৯২, মোট জমির পরিমাণ-১২ শতাংশ যাহার চৌহদ্দি: উত্তরে-রাস্তা, দক্ষিণে-ইফতেখার আহমেদ, পূর্বে-মিলন মিয়া গং এবং পশ্চিমে-আব্দুল মুন্নাফ।

### নিলামের শর্তাবলী

- ১। আগামী ২৫/০৫/২০১৪ ইং বেলা ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, নিউ ইন্সটন শাখা, ঢাকা এর রক্ষিত বাঞ্চে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ টার সময় দরপত্রদাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খোলা হইবে।
- ২। প্রত্যেক দরপত্রদাতা উদ্ধৃত দর এর ১৫% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, নিউ ইন্সটন শাখা, ঢাকা এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিবেন।
- ৩। অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতা সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন।
- ৪। দরদাতা এক বা একাধিক তফসিলের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন তবে একই তফসিলের সম্পত্তির জন্য আংশিক দরপত্র গ্রহণযোগ্য হইবে না।
- ৫। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পরিবেন।
- ৬। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন-রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি দরদাতাকেই বহন করিতে হইবে।
- ৭। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হওয়ার জন্য নিম্ন স্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- ৮। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

#### ব্যবস্থাপক

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ

নিউ ইন্সটন শাখা, ঢাকা।